



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.৪১.২০২০/১৬৮৯/২

তারিখ : ১৬/০৫/২০২২ খ্রি.


বিষয় : ঢাকা জেলার বাঘাপুর স্কুল এন্ড কলেজ এর জনাব এ কে মনজুরুল হক, প্রভাষক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) এর এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : প্রার্থীর ২৪/০২/২০২২ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন বাঘাপুর স্কুল ও কলেজের জনাব এ কে মঞ্জুরুল হক, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিবণন) সাবেক পদ (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) সুপ্রিম কোর্টের মাননীয় হাইকোর্টের ২টি রুল/রায় এর আলোকে বকেয়া ও পদোন্নতিসহ এমপিওভুক্তির জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। জনাব এ কে মঞ্জুরুল হক গত ১২/০২/২০০৭ তারিখে বাঘাপুর স্কুল এন্ড কলেজে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা পদে যোগদান করে কর্মরত আছেন। উক্ত কলেজটি ০১/০১/২০০৬ তারিখে ৩ বছরের জন্য প্রাথমিক অনুমোদন লাভ করে। কিন্তু সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়টির অনুমোদন দেয়া হয়নি। পরবর্তী সময়ে পাঠদানের মেয়াদ বৃদ্ধি করা হলেও সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়টির অনুমোদন দেয়া হয়নি। পরবর্তীতে তিনি রিট মামলা নং ৭৩৪০/২০১৪ দায়ের করেন। মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২ তারিখ : ১২/১২/২০১৩ খ্রি. জারিকৃত আদেশে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়টি পাঠ্যক্রম হতে বিয়োজন করা হয়, তথাপি উক্ত সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের শিক্ষকগণকে এমপিও সুবিধার আওতায় রাখা হয় এবং তাদের চাকরি বহাল রাখা হয়। বর্তমানে তিনি ২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পাঠদান করাচ্ছেন। পরবর্তীতে তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৯৫১৭/২০২১ দায়ের করেন।

আইন শাখার মতামত : রিট পিটিশন নং ৭৩৪০/২০১৪ এর বিষয়ে ইতোপূর্বে মতামত দেয়া হয়েছে। রিট পিটিশন নং ৯৫১৭/২১ এর রুলের জবাব প্রেরণ করা হয়েছে। রিট পিটিশনটি এখনও বিচারাধীন। রিট নিষ্পত্তির পর মতামত প্রদান করা হবে। রিট পিটিশন নং ৭৩৪০/২০১৪ এর রায় মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫. ৩১.৪১.২০২০-২৬৭ তারিখ : ১০/০২/২০২১ মোতাবেক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় থেকে এখন পর্যন্ত কোন নির্দেশনা পাওয়া যায়নি। রিট পিটিশন নং ৯৫১৭/২১ এর বিষয়ে মাউশি থেকে রুলের জবাব প্রেরণ করা হয়েছে, তবে রিট মামলাটি এখনও বিচারাধীন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

জনাব এ কে মনজুরুল হক  
প্রভাষক (সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা)  
বাঘাপুর স্কুল এন্ড কলেজ  
কেরাণীগঞ্জ, ঢাকা।

বিতরণ :

- (১) অধ্যক্ষ, বাঘাপুর স্কুল এন্ড কলেজ, কেরাণীগঞ্জ, ঢাকা;
- (২) সংরক্ষণ নথি।